

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
শালিখা, মাগুরা।

স্মারক নং-৪৭.৬১.৫৫৮৫.০০০.০১.০৭০.১১-২৪৯

তারিখ- ০৪/১২/২০২৩খ্রিঃ।

বিষয়ঃ শালিখা ইউবিসিসিএ লিঃ এর ২০২২-২০২৩ খ্রিঃ সনের হিসাব বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ বিভাগীয় সমবায় কার্যালয়,খুলনা এর স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.৩৯.০৫৫.৯২.৩৫৩, তারিখঃ ২৫/০৬/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩)এর ৪৩ (১) ধারা মোতাবেক শালিখা, ইউবিসিসিএ লিঃ, শালিখা, মাগুরা এর ২০২২-২০২৩ খ্রিঃ সালের অডিট করার জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৫৭(১) বিধি মোতাবেক প্রত্যেক সমবায় সমিতির সমবায় বর্ষ সমাপ্তির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নোক্ত বিবরণী প্রেরণ করার বিধান রয়েছে। যা প্রেরণ করা হয়নি। বিগত ১৪/৮/২০২৩ তারিখের ১৮৯ নং স্মারকে হিসাব বিবরণী দাখিলের জন্য পত্র দেওয়া হয়েছিল কিন্তু এখনও পর্যন্ত দাখিল করা হয়নি। এমতাবস্থায় অডিটের স্বার্থে শালিখা ইউবিসিসিএ লিঃ, শালিখা, মাগুরা এর ২০২২-২০২৩ খ্রিঃ সালের চূড়ান্ত হিসাব বিবরণী হিসাব ম্যানুয়াল অনুযায়ী আগামী ১০/১২/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ক) নগদান হিসাব (ক্যাশ অ্যাকাউন্টস), ০১/০৭/২০২২খ্রিঃ হতে ৩০/০৬/২০২৩খ্রিঃ পর্যন্ত।

খ) ৩০/০৬/২০২৩খ্রিঃ তারিখের স্থিতিপত্র (ব্যালান্সশীট)।

গ) লাভ-ক্ষতির বিবরণী (প্রোফিট অ্যান্ড লস অ্যাকাউন্টস) ০১/০৭/২০২২খ্রিঃ হতে ৩০/০৬/২০২৩খ্রিঃ পর্যন্ত।

ঘ) ৩০/০৬/২০২৩খ্রিঃ তারিখের সকল ব্যাংক হিসাবের স্টেটমেন্টস।

ঙ) ৩০/০৬/২০২৩খ্রিঃ তারিখের সদস্যদের দেনা পাওনার বিস্তারিত তালিকা (ডিটেলিস্ট)।

স্বা/

(মোঃ নুরোল ইসলাম)

উপজেলা সমবায় অফিসার

শালিখা, মাগুরা।

ও

অডিট অফিসার

শালিখা ইউবিসিসিএ লিঃ, শালিখা, মাগুরা।

মোবাইল- ০২৪৭৭৭১২৩১৮

উপজেলা প্রকল্প কর্মকর্তা,পজীব,বিআরডিবি, শালিখা, মাগুরা।

স্মারক নং-৪৭.৬১.৫৫৮৫.০০০.০১.০৭০.১১-২৪৯/১(২)

তারিখ- ০৪/১২/২০২৩খ্রিঃ।

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। জেলা সমবায় অফিসার, মাগুরা।

০২। উপজেলা সমবায় অফিসার,শালিখা, মাগুরা।

০৪/১২/২৩

উপজেলা সমবায় অফিসার

শালিখা, মাগুরা।